কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়
Kurigram Agricultural University

রেজিস্ট্রার দপ্তর
registrar@kuriau.edu.bd
www.kuriau.edu.bd

স্মারক নং- কুড়িকৃবি/রেজি.দপ্তর/শিক্ষা ও বৃত্তি-৫৯/২০২৪/ ১২৭৪

তারিখঃ ২৬ কার্তিক ১৪৩২ / ১১ নভেম্বর ২০২৫

বিষয়: প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি সংক্রান্ত।

উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যান বোর্ড, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ১৩/১০/২০২৫ তারিখে প্রকাশিত স্মারক নং–৪৯.০৪.০০০০.০০৪.০১৮.১৬৩.২০২৫-৭৬ এর প্রেক্ষিতে, প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে অত্র বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আছেন তাদেরকে সংযুক্ত বিজ্ঞপ্তি মোতাবেক যোগ্যতার প্রেক্ষিতে অনলাইনে আবেদন করার জন্য বিশেষভাবে বলা হলো।

মাননীয় ভাইস-চ্যান্সেলরের নির্দেশক্রমে

১১/১১/২০২৫

মোঃ সাদেকুজ্জামান
ডেপুটি রেজিস্ট্রার
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

নং : ৪৯.০৪.০০০০.০০৪.০১৮.১৬৩.২০২৫-৭৮

তারিখ : ২৮/১০/২০২৫ খ্রি.।

বিজ্ঞপ্তি

এসএসসি/সমমান-২০২৫, এইচএসসি/সমমান-২০২৪ ও ডিপ্লোমা-২০২৪ ক্যাটাগরিতে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান।

প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২৫ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা কোর্সে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত ও ২০২৪ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/ মেডিকেল কলেজে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ২০২৪ সালে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলি :

(১) যে সব প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-

(ক) বিএমইটির ডাটাবেজের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র গ্রহণকারী অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বরশিপ গ্রহণকারী প্রবাসী কর্মীর সন্তান;

(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন এমন মৃত প্রবাসী কর্মীর সন্তান।

(২) নিম্নোক্ত ছকে বর্ণিত শর্তসাপেক্ষে শিক্ষার্থী আবেদন করতে পারবে-

ক্রম	ক্যাটাগরি	বিভাগ	বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ	
			(ক) প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে	(খ) প্রবাসে মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে
০১	এসএসসি/সমমান ২০২৫	বিজ্ঞান বিভাগ	৫.০০	৪.৮০
		মানবিক ও বাণিজ্য বিভাগ	৪.৭৫	৪.০০
০২	এইচএসসি/সমমান ২০২৪.	বিজ্ঞান বিভাগ	৪.৮০	৪.৫০
		মানবিক ও বাণিজ্য বিভাগ	৪.৫০	৪.০০
০৩	ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ২০২৪	-	৩.৫০	৩.০০

(৩) আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি আপলোড করতে হবে :

ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে BMET বহির্গমন ছাড়পত্র সম্বলিত পাসপোর্ট-এর কপি/WEWB সদস্যপদের পাসপোর্ট-এর কপি।

খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র।

গ) প্রবাসে মৃত কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ)-এর কপি।

ঘ) শিক্ষার্থীর যে কোন তফসিলি ব্যাংকের হিসাব নম্বর ও ব্যাংক রাউটিং নম্বরসহ স্টেটমেন্ট (এজেন্ট ব্যাংকিং গ্রহণযোগ্য নয়)।

ঙ) শিক্ষার্থীর ০১ (এক) কপি ছবি ও স্বাক্ষর।

চ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন/NID কার্ড-এর কপি।

(৪) শিক্ষাবৃত্তি প্রদানের মেয়াদ :

ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২ (দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের জন্য ০৪ (চার) বছর;

খ) এইচএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে ৩ (তিন) বছর/স্নাতক (সম্মান) পর্যায়ে ৪ (বছর) ও মেডিকেলের জন্য ৫ বছর; এবং

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ক্ষেত্রে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং পর্যায়ে ৪(বছর) বৃত্তি প্রদান করা হবে।

(৫) অনলাইনে আবেদনের প্রক্রিয়া :

ক) সকল শিক্ষার্থীকে অনলাইনে আবেদন করতে হবে এবং আবেদনের জন্য https://portal.wewb.gov.bd লিংকে ভিজিট করুন।

খ) অনলাইনে আবেদনের সময়সীমা : ২৬ অক্টোবর ২০২৫ হতে ২৫ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত।

(৬) শর্তাবলি :

(ক) শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতা/অভিভাবক-এর মোবাইল নম্বর অবশ্যই আবেদনে উল্লেখ করতে হবে।

(খ) প্রবাসী কর্মীর পাসপোর্টে উল্লিখিত নামের সাথে আবেদনকারীর সনদে উল্লিখিত পিতা/মাতার নামের গরমিল পরিলক্ষিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

(গ) শিক্ষাবৃত্তির আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে, সরাসরি বা ডাকযোগের আবেদন গ্রহণ করা হবে না।

(ঘ) অসম্পূর্ণ এবং ভুল তথ্য প্রদানকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঙ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ২৪/৭ প্রবাসবন্ধু কলসেন্টারে দেশ থেকে ১৬১৩৫ (টোল ফ্রি) এবং বিদেশ থেকে +৮৮০৯৬১০২০৩০ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ ইমরান আহমেদ)
উপসচিব
পরিচালক (আইআরপি)

মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক
প্রবাসী কল্যাণ সেন্টার, রংপুর।